

রাজধানীর ইডেন কলেজের এক আবাসিক শিক্ষার্থীর শরীরে গরম চা ঢেলে দেওয়ার অভিযোগ উঠেছে। গত সোমবার শহীদ বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব ছাত্রী নিবাসের ৩১৩ নম্বর কক্ষে এ ঘটনা ঘটে। ওই শিক্ষার্থীর অভিযোগ, শাখা ছাত্রলীগের সহসভাপতি আয়শা ইসলাম মীম এ নির্যাতন চালিয়েছেন। তবে এই অভিযোগ অস্থীকার করেছেন কলেজ ছাত্রলীগ সভাপতি তামাঙ্গা জেসমিন রিভার অনুসারী মীম।

নির্যাতনের শিকার শিক্ষার্থী জানান, সোমবার সকালে তিনি ছাত্রী নিবাসের রিডিংরুমে পড়তে যান। সেখানে গিয়ে দেখেন প্রবেশমুখে একটি টেবিল বসানো। টেবিলটি বসিয়েছে অন্য একটি মহিলা কলেজের অবৈধ কয়েকজন ছাত্রী, যারা মীমের ছত্রছায়ায় ইডেনের ছাত্রী নিবাসে থাকেন। টেবিল বসানোর কারণে রিডিংরুমে ঢুকতে অন্য ছাত্রীদের সমস্যা হওয়ায় তিনি বহিরাগত ছাত্রীদের তা সরাতে বলেন। কিন্তু তাতে কর্ণপাত করেননি তারা। কথা কাটাকাটির একপর্যায়ে ওই ছাত্রীরা তাকে দেখে নেওয়ার হুমকি দিয়ে চলে যায়।

advertisement 3

পরে সন্ধ্যায় হলের ৩১৩ নম্বর কক্ষে বসে চা পান করছিলেন নির্যাতনের শিকার শিক্ষার্থী। এ সময় ওই (বহিরাগত) ছাত্রীদের নিয়ে তার কক্ষে আসেন অভিযুক্ত আয়শা ইসলাম মীম। কেন তার মেয়েদের (অনুসারীদের) সঙ্গে তর্কে জড়ালো, এ নিয়ে বকাবকা ও গালাগাল করতে থাকেন তিনি। একপর্যায়ে গায়ে গরম চা ঢেলে দেন ও হাতে মোচড় দিয়ে তিনিও ‘দেখে নেওয়ার হুমকি’ দিয়ে চলে যান।

advertisement 4

এ বিষয়ে জানতে চাইলে অভিযুক্ত আয়শা ইসলাম মীম বলেন, ‘আমার একজন মেয়ের (অবৈধভাবে থাকা ছাত্রী) সঙ্গে লিগ্যাল একজনের (সাধারণ ছাত্রী) কথা কাটাকাটি হয়েছে। এর বেশি কিছু হয়নি। গরম চা ঢেলে দেওয়ার মতো কিছু হয়নি।’

ইডেন কলেজের শহীদ বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব ছাত্রী নিবাসের সুপার নাজমুন নাহার বলেন, ‘এ বিষয়ে অধ্যক্ষের সঙ্গে কথা হয়েছে। আজ (মঙ্গলবার) আমাদের মিটিং আছে। সেখানে আলোচনা হবে। কোনো ব্যবস্থা নেওয়া হলে আগামীকাল (বুধবার) বিস্তারিত জানা যাবে।’

ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ বলেন, ‘আমরা ঘটনা শুনেছি। অভিযোগ প্রমাণিত হলে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।’